

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**বাফালো স্কাইওয়ের (BUFFALO SKYWAY) জন্য নতুন বিকল্পগুলি অন্বেষণ করার জন্য  
প্রতিযোগিতার অতিরিক্ত বিশদ তথ্য ঘোষণা করেছেন গভর্নর কুওমো**

**প্রতিযোগিতাটি স্কাইওয়ের বিকল্প চিন্তাগুলি চাইবে যা বসবাসকারীদের জন্য জলের নিকটস্থ অঞ্চল  
সুগম করবে এবং গাড়ীর চালকদের জন্য নিরাপদ এবং সুবিধাজনক পরিবহণ ব্যবস্থা প্রদান  
করবে**

**প্রতিযোগিতাটির জন্য ছয় মাস সময় লাগবে, বিশেষজ্ঞদের প্যানেল প্রস্তাবগুলি পর্যালোচনা  
করবেন, বিজয়ী ডিজাইনটিকে স্টেট 100,000 মার্কিন ডলার পুরস্কার অফার করবে, গণ-শুনানি  
সামাজিক নিবেশ তার বিবেচনার মধ্যে নেবে**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বাফালো স্কাইওয়ের বিকল্পগুলি অন্বেষণ করার উদ্দেশ্যে একটি প্রতিযোগিতার অতিরিক্ত বিশদ তথ্য ঘোষণা করেন। স্কাইওয়ের বর্তমান নক্সা কার্যত অচল, কাঠামোগতভাবে অভাবগ্রস্ত এবং যাত্রীদের মধ্যে জনপ্রিয় নয়। বর্তমানে, একমাত্র বিকল্প হল 60-বছরের পুরনো স্কাইওয়েটি আবার তৈরি করা যা এমন একটি কাঠামো যা আজ আর কখনই নির্মাণ করা যাবে না। প্রতিযোগিতাটি স্কাইওয়ের বিকল্পগুলি অন্বেষণ করবে যা বসবাসকারীদের জন্য জলের নিকটস্থ অঞ্চল সুগম করবে এবং গাড়ীর চালকদের জন্য নিরাপদ এবং সুবিধাজনক পরিবহণ ব্যবস্থা প্রদান করবে।

গভর্নর আজ ঘোষণা করেন যে এই বছরের বাজেটে একটি জাতীয় ডিজাইন প্রতিযোগিতা অন্তর্ভুক্ত করা হবে যাতে স্কাইওয়ের বিকল্প ব্যবস্থার জন্য সেরা চিন্তা চাওয়া হবে। স্টেট ডিজাইন সংস্থা, কমিউনিটি প্ল্যানার, আর্বাণ প্ল্যানার, স্থপতি এবং অন্যান্যদের থেকে তাদের এই সম্বন্ধে চিন্তাভাবনাগুলি চাইবে। প্রতিযোগিতার জন্য ছয় মাস সময় লাগবে, এবং একটি বিশেষজ্ঞের প্যানেল প্রস্তাবগুলি পর্যালোচনা করবে এবং একটি বিজয়ী ডিজাইন নির্বাচন করবে। বিচারকরা যে বিষয়গুলি বিবেচনা করবেন তার মধ্যে থাকবে প্রস্তাবের খরচ এবং তার বাস্তবায়নের সময়। স্থানীয়, স্টেট এবং জাতীয় স্বীকৃতি ছাড়াও, বিজয়ী প্রস্তাবটি 100,000 মার্কিন ডলার পুরস্কার পাবে তাদের ডিজাইনের জন্য। সমাজের নিবেশের জন্য কতগুলি গণ শুনানি সংঘটিত হবে।

"স্কাইওয়েটি এক ভিন্ন সময়ের এবং অর্থনীতির জন্য তৈরি করা হয়েছিল, এবং এটি জলের নিকটস্থ অঞ্চলের নাগাল পাওয়ায় এক অন্তরায় সৃষ্টি করেছিল। এখন আমাদের তার ঠিক বিপরীত করতে হবে এবং স্কাইওয়ের জন্য এক বিকল্প নক্সা তৈরি করতে হবে", **গভর্নর কুওমো বলেন।** "অধ্যয়ন সম্বন্ধে কথা বলা বন্ধ করে আমরা বরং একটি প্রতিযোগিতা করি সেরা ডিজাইনার, স্থপতি এবং কমিউনিটি প্ল্যানারদের ধারণাগুলি নিয়ে এবং একটি প্রকৃত পরিকল্পনা বার করি স্কাইওয়ের জন্য যা একটি সংযুক্ত বাফালো তৈরি করবে জলের নিকটস্থ অঞ্চল সুগম করে এবং যা অঞ্চলের অর্থনীতিকে সাহায্য করবে।"

"বাফালোর নতুন ভাবমূর্তির জন্য একটি নতুন, ভবিষ্যতের চিন্তাভাবনা প্রয়োজন আমাদের সেকলে পরিকাঠামোর কথা মাথায় রেখে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এমন একজন হিসেবে যে নিজের জানলা দিয়ে তাকিয়ে স্কাইওয়েটি দেখতে পায়, আমি জানি যে আমরা আরো ভালো কিছু করতে পারি। শিতকালীন আবহাওয়ার অবস্থায় এই উঁচু কাঠামোটি শুধু বিপজ্জনকই নয়, এটি সেন্ট লরেন্স সিওয়ে খোলার সময় থেকেই প্রায় অচল কারণ সেটি বাফালো থেকে বেশীর ভাগ জলযান সরিয়ে নিয়ে গেছে। আমাদের সমাজকে নতুন, সৃজনশীল সম্ভাবনাকে গ্রহণ করার জন্য প্রস্তুত থাকতে হবে আমাদের জলের নিকটস্থ অঞ্চলকে পুনঃকল্পনা করার জন্য।"

স্কাইওয়েটি তৈরি করা হয়েছিল 110-ফুট ক্লিয়েরেন্স সহ বাফালো নদীর শিল্প সংক্রান্ত কাজের সুবিধার জন্য, যার ফলে ব্রিজটি আরো বড় এবং লম্বা করা হয়েছে। আজকে, বাফালো নদী মূলত ব্যবহার করা হয় বিনোদনমূলক জলপথ হিসেবে, এবং উঁচু হাইওয়ের আর কোনো প্রয়োজন নেই। এই হাইওয়ের একটি বিকল্প ডিজাইন জলের নিকটস্থ অঞ্চলের জমি নাগালের মধ্যে এনে দেবে যা বর্তমানে নাগালের বাইরে এবং পশ্চিম নিউ ইয়র্কের পূর্ণরূপকে স্বরাশ্রিত করবে।

**কংগ্রেসম্যান ব্রায়ান হিনিগস বলেন,** "বাফালো স্কাইওয়ে এক অচল পরিকাঠামো, যা আর আজকের প্রকৌশলের মান বা নতুন বাফালোর প্রয়োজনগুলি পূরণ করে না। আমি গভর্নর কুওমো এবং সিনেটর টিম কেনেডির প্রশংসা করি একটি প্রতিযোগিতা শুরু করায় তাদের নেতৃত্ব প্রদানের জন্য যা বাফালো স্কাইওয়ের উদ্ভাবনী ডিজাইন বিকল্প আমন্ত্রণ করবে। এই নেতৃত্ব স্কাইওয়ে সম্পর্কে পদক্ষেপ নেন যা আমাদের জলের নিকটস্থ অঞ্চল সুগম করে তোলার লক্ষ্যে আমরা যা অর্জন করেছি তার বিশাল ভরবেগকে বজায় রাখে।"

**সিনেট পরিবহন কমিটির (Senate Transportation Committee) সভাপতি সিনেটর টিম কেনেডি বলেন,** "আমাদের জলের নিকটস্থ অঞ্চল আমাদের সব চেয়ে মূল্যবান সংস্থান, এবং তার ভিতরের এবং বাইরের বন্দর জুড়ে যে উন্নয়ন হয়ে চলেছে তা বাফালোর বিনোদন, পর্যটন, এবং সংরক্ষণের প্রতি আমরা যে শক্তিশালী বিনিয়োগ করছি তা প্রদর্শন করে। এর একটি গুরুত্বপূর্ণ উপাংশ হল একটি বলিষ্ঠ এবং সম্ভবপর পরিবহন পরিকাঠামো তৈরি করা, যে কারণে আমি এই বছরের বাজেটে 100,000 মার্কিন ডলার অন্তর্ভুক্ত করার জন্য কাজ করছি একটি প্রতিযোগিতা করার জন্য যার উদ্দেশ্য হবে স্কাইওয়েরজন্য বিকল্প ডিজাইন তৈরি করা। কংগ্রেসম্যান হিগিন্স এবং আমি বহুদিন ধরে স্কাইওয়ে অপসারণের জন্য একটি মূল্যায়ন করার কথা বলেছি, এবং আমরা গভর্নর কুওমো এবং পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) সাথে কাজ করতে আগ্রহী বিকল্প প্রকল্পগুলিকে উৎসাহ দিতে এবং পর্যালোচনা করতে, যা শুধু বসবাসকারীদের এবং অতিথিদের জন্য অভিজ্ঞতা উন্নতই করবে না, একটি সংযোগ নিশ্চিত করবে যা দীর্ঘমেয়াদি বৃদ্ধির জন্য মূল বিষয় হবে।"

**বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন,** "গভর্নরের একটি ডিজাইন প্রতিযোগিতার ভাবনা এক অত্যন্ত সৃজনশীল পন্থা এই রাস্তাটি কেমন হতে পারে তা পুনঃকল্পনা করার জন্য যাতে পরিবহনের নাগাল উন্নত করা যেতে পারে এবং অতিরিক্ত অর্থনৈতিক উন্নয়নকে উৎসাহিত করা যেতে পারে।"

###

আনসাবন্ধাইব করণ